

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা
(নেজারত শাখা)

www.bhola.gov.bd

স্মারক নং-০৫.১০.০৯০০.০০৩.০৩১.০০১.১৩-

৬৬৫

তারিখ: ১১-০৬-২০১৯ খিঃ

আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের পুন: দরপত্র বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫-০৫-২০১৬ তারিখের ০৫.০০.০০০০.১১২.১৫.০২১.১৩-১৬৫ সংখ্যক স্মারকের ছাড়পত্রের আলোকে ভোলা জেলার সাধারণ প্রশাসনের নিম্নবর্ণিত পদে আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের উদ্দেশ্যে স্বীকৃত প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা
১	ইলেকট্রিশিয়ান	০১(এক)টি	০১-০৭-২০১৯ তারিখে বয়স ১৮-৬০ বছর	৮ম শ্রেণি পাশ। সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে ০৬ মাস মেয়াদী ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স পাশের সনদপত্র। (অভিজ্ঞতাসম্পন্ন আবেদনকারীগণ অগ্রাধিকার পাবেন)।
২	প্রায়ার	০১(এক)টি	০১-০৭-২০১৯ তারিখে বয়স ১৮-৬০ বছর	সংশ্লিষ্ট বিষয়ে কোন সরকারি প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয় স্বীকৃত প্রতিষ্ঠান হতে ০৬ মাস মেয়াদী সিভিল ট্রেড কোর্স পাশের সনদপত্র। (অভিজ্ঞতাসম্পন্ন আবেদনকারীগণ অগ্রাধিকার পাবেন)।

শর্তাবলী।

১। আগ্রহী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত ছক অনুযায়ী দরপত্র দাখিল করতে হবে।

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	মাসিক বেতন(গ্রেড ভিত্তিক)	সর্বমোট

২। নিয়োজিত কর্মচারীগণকে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।

৩। জাতীয় বেতনস্কেল-২০১৫ এর ২০ নম্বর গ্রেড অনুযায়ী সাকুল্যে বেতন নির্ধারিত হবে।

৪। নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।

৫। আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।

৬। জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী সাকুল্যে বেতন নির্ধারিত হবে।

৭। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, ২০১৮-১৯ অর্থ বছরের আয়কর প্রদান ও সনাক্তকরণ নম্বর(TIN) থাকতে হবে এবং সরকারি প্রকল্পে জনবল সরবরাহের ক্ষেত্রে কমপক্ষে ০৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

৮। আউটসোর্সিং পদ্ধতি নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা বা অবহেলার কারণে কোন ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে দায় বহণ করতে হবে।

৯। নির্বাচিত প্রতিষ্ঠানের দাখিলকৃত বিল থেকে নিয়মানুযায়ী ভ্যাট/ট্যাক্স কর্তন করা হবে।

১০। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ১(এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবেন।

১১। নির্বাচিত আউটসোর্সিং প্রতিষ্ঠানের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্টাম্প চুক্তিপত্র সম্পাদনের পরই নিয়োজিত জনবল কাজ শুরু করতে পারবেন।


১২। মন্ত্রণালয় হতে অনুমোদন ও বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে নিয়োগকৃত কর্মচারীদেরকে বেতন-ভাতা প্রদান করা হবে।

১৩। নিয়োজিত কর্মচারীদেরকে অফিস সময়ের পরে অতিরিক্ত দায়িত্ব পালনের ক্ষেত্রে অতিরিক্ত মূল্য/অর্থ প্রদান করা হবে না।

১৪। দরপত্র গ্রহণের সর্বশেষ তারিখ আগামী ০১-০৭-২০১৯ ইং তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।

১৫। আগ্রহী প্রতিষ্ঠানকে নিজ প্যাডে নির্ধারিত ছক অনুসরণপূর্বক ০২-০৭-২০১৯ ইং তারিখ দুপুর ১২.০০টার মধ্যে সীলমোহরকৃত খামে প্রতিটি পদের জন্য এক মাসের দর উল্লেখ করে সত্যায়িত ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর পরিশোধের সনদ, অভিজ্ঞতার সনদ ইত্যাদিসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরের নেজারত ডেপুটি কালেক্টর-এর অফিস কক্ষের সামনে রক্ষিত দরপত্র বাস্তবে দরপত্র/প্রস্তাব দাখিল করতে অনুরোধ করা হলো। একই তারিখ বেলা ১২.৩০টায় দরপত্র/ প্রস্তাবসমূহ দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

১৫। যে কোন বা সকল দরপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং সর্ব নিম্ন দরদাতার দরপত্র গ্রহণ করতে কর্তৃপক্ষ বাধ্য নয়।


১৫.০৬.১৯

(মোহাম্মদ মাসুদ আলম সিদ্দিক)

জেলা প্রশাসক

ভোলা।

ফোন নম্বর :- ০৪৯১-৬২৪০০

মোবাইল: ০১৭১৫-২১১৮৯৯

স্মারক নং-০৫.১০.০৯০০.০০৩.০৩১.০০১.১৩-


তারিখ: -০৬-২০১৯ খিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।

জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ৪। জেলা প্রশাসক.....(সকল)
- ৫। পুলিশ সুপার, ভোলা।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ভোলা।
- ৭। সিভিল সার্জন, ভোলা।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, ভোলাসদর/দৌলতখান/বোরহানউদ্দিন/লালমোহন/চরফ্যাশন/তজুমিদন/মনপুরা।
- ৯। সহকারী কমিশনার(ভূমি), ভোলাসদর/দৌলতখান/বোরহানউদ্দিন/লালমোহন/চরফ্যাশন/তজুমিদন/মনপুরা।
- ১০। জেলা তথ্য অফিসার, ভোলা।
- ১১। সম্পাদক, দৈনিক বাংলার কণ্ঠ। তাঁকে বিজ্ঞপ্তিটি আগামী ২০/০৬/২০১৯ ইং তারিখের মধ্যে তাঁর পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে (দুই কলামে ৯ ইঞ্চি) ০১(এক)দিনের জন্য প্রকাশ করে বিজ্ঞপ্তি প্রকাশের পর বিজ্ঞপ্তির ০৩(তিন)কপিসহ বিল নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১২। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা। উপরিউক্ত বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১৩। নোটিশ বোর্ড।


জেলা প্রশাসক
ভোলা।